



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ/ ২৫ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-৫০। স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০-এর বিধি ৮৬-এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮ জুলাই, ২০১৮ তারিখের স্মারক নং- ১০.০০.০০০০.১২৫.৯৯. ০০১.১৭.৪৭৯-এর পরিপ্রেক্ষিতে আগামী ২৫ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য পৌরসভা নির্বাচন উপলক্ষে উক্ত বিধিমালায় বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act of 1898) এর subsection 190 এর অধীন বিচারার্থে আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত বর্ণিত পৌরসভাসমূহের নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৩(তিন)জন কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বেরদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৪ জুলাই, ২০১৮ হতে ২৭ জুলাই, ২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিনের জন্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

| ক্রম | জেলা | পৌরসভা | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|------|-------------|------------|---|
| ১. | নারায়ণগঞ্জ | আড়াইহাজার | জনাব মোঃ আশেক ইমাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ |
| | | গোপালদী | জনাব মোঃ মাহমুদুল মোহসীন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ |
| ২. | কক্সবাজার | কক্সবাজার | জনাব মোহাঃ হেলাল উদ্দিন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কক্সবাজার |

২। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর বরাবরে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর মাধ্যমে একটি যোগদানপত্র দাখিল করবেন।

৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব(আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিয়োক্ত ছকে প্রেরণ করবেন।

ছক

জেলার নামঃ.....

পৌরসভার নামঃ.....

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবী ও মোবাইল নাম | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|------|---|--------------------------|---|----------------------------------|---------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত একজন সশস্ত্র পুলিশ কর্মকর্তা (এ.এস.আই এর নিম্নে নয়) এবং দুইজন কনস্টেবল নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(মোঃ শরীফ হোসেন হায়দার)
উপসচিব (আইন)
ফোন : ০২৫৫০০৭৫৩৬

প্রাপক : উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অধ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ৫০(পঞ্চাশ) কপি সরকারী কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)/মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ ঢাকা
- ৩। সচিব, মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)
- ৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
- ৫। জেলা ও দায়রা জজ, নারায়ণগঞ্জ/কক্সবাজার
- ৬। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৭। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৮। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৯। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট)
- ১০। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ/কক্সবাজার ও আপিল কর্তৃপক্ষ
- ১১। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ/কক্সবাজার
- ১২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ/কক্সবাজার
- ১৩। উপ-সচিব,(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৪। জনাব মোঃ , সিনিয়র/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ/কক্সবাজার
- ১৫। জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ/কক্সবাজারও রিটার্নিং অফিসার
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ/সদর, কক্সবাজার
- ১৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ/কক্সবাজার
- ১৮। সিনিয়র/সহকারী সচিব (নি:ব্য:ও স: ১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২০। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ২১। উপজেলা নির্বাচন অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ/সদর, কক্সবাজার
- ২২। অফিস কপি, আইন-১ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা


(নার্গিস ইসলাম) ০৯.০৭.১৮

সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২৫৫০০৭৬০৭

